

Subject Bengali
2nd language. Worksheet
Class-3

বচন

বচন: যে শব্দ দিয়ে ব্যক্তি বা বস্তুর সংখ্যা বা পরিমাপ বোঝা যায় সেই শব্দকে বচন বলে। অর্থাৎ কোন ব্যক্তি, প্রাণী বা বস্তুর সংখ্যাকে বোঝালে তাকে আমরা বচন বলে থাকি।

বচন দুই প্রকার-

একবচন।

বহুবচন।

একবচন - যে কোনো নাম যখন একটি মাত্র সংখ্যা কে বোঝায় বা একজন কে বোঝায় তাকে আমরা একবচন বলে থাকি।

যেমন ছেলে ,মেয়ে, ফুল, পাখি, আমি, তুমি ইত্যাদি।

বহুবচন- যে বচন দিয়ে একের বেশি ব্যক্তি প্রাণী বা বস্তু কে বোঝানো হয় তাকে বহুবচন বলে।

যেমন ছেলেরা ,

পাখিগুলি ,ফুলগুলি ইত্যাদি।

শব্দের সঙ্গে রা, এরা, গুলি, গুলো, গণ, মালা, বর্গ, বৃন্দ, সকল, অসংখ্য, বহু, অনেক, কত, এইগুলি যোগ করে বহুবচন বোঝানো হয় আবার অনেক সময় বনে বনে ডালে ডালে, পাতায় পাতায়, পুঞ্জ পুঞ্জ, ছোট ছোট, বড় বড়, এইরকম ভাবে ও বহুবচন বোঝানো হয়ে থাকে।

(মনে রাখবে তরল জাতীয় শব্দের বহুবচন হয় না। যেমন জল, তেল ইত্যাদি।)

সর্বনাম পদের বহুবচন

<u>একবচন</u>	<u>বহুবচন</u>
আমি	আমরা
আমাকে	আমাদিগকে
আমার	আমাদের
তুমি	তোমার
তোমার	তোমাদের
তোকে	তোদেরকে
সে	তারা
আপনি	আপনারা

নীচের বচন গুলি লেখ এবং মুখস্থ কর।

একবচন বহুবচন

ছাত্র	ছাত্রদল
সৈন্য	সৈন্যবাহিনী
মানুষ	মানুষগুলি
খাতা	খাতাগুলো
মালা	মালারাশি
মানুষ	মানুষেরা
পর্বত	পর্বতমালা
এইটি	এইগুলি
কে	কারা
ও	ওরা

১) নীচের প্রশ্নগুলির
উত্তর লেখ।

ক) বচন কাকে বলে?

খ) বচন কয় প্রকার ও কি কি?

গ) প্রত্যেকটি বচনের চারটি করে উদাহরণ লেখো।

ঘ) কোন জাতীয় শব্দের বহুবচন হয় না?

২) নীচের শব্দগুলি কোনটি কী বচন লেখ।

তিনি-

বই -

ছাত্রবৃন্দ -

একটা-

ঘরে ঘরে-

কাঁচা কাঁচা-

বৃক্ষ-

শ্রেণি -

আপনি-

বাঘ-

৩) নীচের শব্দগুলির একবচন থেকে বহুবচন করো ।

একবচন

বহুবচন

মেঘ

পাখি

ছেলে

শিক্ষক

লোক

আপনি

পায়রা

যুবক

পৰ্বত
গ্রাম
